

		
		
<p>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</p>		

বন্যা পরবর্তী বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ

(নীলফামারী, লালমনিরহাট, রংপুর ও কুড়িগ্রাম জেলার জন্য)

প্রকাশের তারিখ: ২১/১০/২০২১

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী নীলফামারী, লালমনিরহাট, রংপুর ও কুড়িগ্রাম জেলা বন্যা আক্রান্ত হয়েছে। ২১ অক্টোবর ২০২১ তারিখের প্রতিবেদন অনুযায়ী আগামী ২৪ ঘণ্টায় তিস্তা নদীর পানি সমতল কাউনিয়া পয়েন্টে হ্রাস পেতে পারে এবং বিপদসীমার নীচে নেমে আসতে পারে। রংপুর ও কুড়িগ্রাম জেলার তিস্তা অববাহিকার নিম্নাঞ্চলে বন্যা পরিস্থিতির সামান্য অবনতি হতে পারে। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড থেকে প্রাপ্ত তথ্য উপাত্ত বিশ্লেষণ সাপেক্ষে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়ের অনুমোদনক্রমে উপরোক্ত জেলাগুলোর জন্য নীচের পরামর্শসমূহ প্রদান করা হলো:

- বন্যার পানি নেমে যাওয়ার পর আমন ধান ফুল পর্যায় পর্যন্ত অবস্থায় থাকলে বিঘাপ্রতি ৫ কেজি পটাশ সার প্রয়োগ করা যেতে পারে।
- ৮০% পরিপক্ক আমন ধান সম্ভব হলে কেটে নিরাপদ স্থানে সংরক্ষণ করুন।
- বন্যা পরবর্তী সময়ে ধান ক্ষেতে মাজরা, পাতা মোড়ানো এবং পামরি পোকাকার আক্রমণ হতে পারে। এ ক্ষেত্রে সমন্বিত বালাই দমন ব্যবস্থাপনা যেমন- হাত জাল, পার্চিং, আলোক ফাঁদ এবং অনুমোদিত কীটনাশক যেমন- মাজরা পোকাকার জন্য ভিরতাকো, পাতা মোড়ানো পোকাকার জন্য সেভিন/মিপসিন, পামরি পোকাকার জন্য ডার্সবান/সেভিন অনুমোদিত মাত্রায় ব্যবহার করতে হবে।
- দণ্ডায়মান ফসলের জমি থেকে পানি নিষ্কাশন করুন।
- বন্যা আক্রান্ত জমি থেকে বন্যার পানি নেমে গেলে নতুন সবজি চাষ শুরু করুন।
- বন্যার কর্দমাল্ত পানির কারণে পুকুরে অক্সিজেনের স্বল্পতা দেখা দিতে পারে, তাই বাঁশ দিয়ে পুকুরের পানি নেড়ে দিন। তলিয়ে যাওয়া পুকুরগুলোতে পানি নেমে যাওয়ার পরপরই চারধার মেরামত করে নিন।
- পুকুর থেকে মাছ বের হয়ে গিয়েছে কিনা জাল টেনে পরীক্ষা করুন। মাছ বের হয়ে যাওয়া পুকুরগুলোতে একটু বড় আকারের পোনা পুনরায় মজুদ করতে হবে।



(ড. মো: শাহ কামাল খান)
প্রকল্প পরিচালক

মোবাইল নম্বর: +৮৮০১৭১২১৮৪২৭৪